গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/১১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও, নং ১৮৭-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৫ (পাঁচ) বৎসরের জন্য, বাংলাদেশ সেনাবাহিনীর কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর কর্তৃক পরিচালিত "(১) সেনাবাহিনী চিকিৎসা সহায়ক প্রকল্প তহবিল, (২) প্রধানমন্ত্রীর বৃত্তি তহবিল, (৩) সেনাবাহিনী দুঃস্থ ভাতা তহবিল এবং (৪) অনকোলজি সেন্টার তহবিল" এর স্থায়ী বা সঞ্চয়ী আমানতের উপর অর্জিত সুদ আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্দ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্ত :

উপরি-উল্লিখিত তহবিলসমূহকে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ণ দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ইহা ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner